গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
পরিকল্পনামন্ত্রণালয়
বাস্তবায়নপরিবীক্ষণওমূল্যায়নবিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪
শেরেবাংলানগর, ঢাকা
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণীঃ

১. **প্রকল্পের নাম** : "বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন (১ম সংশোধিত)"

২. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : কৃষি মন্ত্রণালয়

৩. **বাস্তবায়নকারী সংস্থা** : কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), কৃষি মন্ত্রণালয়

৪. **প্রকল্পের অবস্থান** : ৪৮ জেলার ৩৮৮ উপজেলা

৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :

অনুমোদিত ব্যয়		ক্রমপুঞ্জিত অগ্রগতি	অনুমোদিত বাস্তবায়নকাল	
মূল	সংশোধিত		মূল	১ম সংশোধিত
১৯৫০০.০০	২৯৯২৩.০০	১৪৩৩৮.০৮	জুলাই ২০১৫-জুন ২০১৮	জুলাই ২০১৫-জুন ২০২১

৬. প্রকল্পের উদ্দেশ্য ঃ

- দেশের তিনটি পাহাড়ী জেলাসহ অন্যান্য জেলার অসমতল ও পাহাড়ী জমি এবং উপকূলীয় ও অন্যান্য অঞ্চলে অব্যবহৃত জমি ও বসতবাড়ীর চারপাশের জমিকে আধুনিক পদ্ধতিতে চাষাবাদের আওতায় এনে উদ্যান ফসলের উৎপাদন শতকরা ২০ ভাগ বৃদ্ধির পাশাপাশি সমতল ভূমিতে অন্যান্য মাঠ ফসলের উৎপাদনের সুযোগ অক্ষুন্ন রাখা;
- দেশী, সম্ভাবনাময় বিদেশী এবং রপ্তানীযোগ্য ফলের উৎপাদন ক্লাষ্টার/ক্লাবভিত্তিক বৃদ্ধির মাধ্যমে আমদানি নির্ভরতা কমানোর পাশাপাশি বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা এবং উৎপাদিত ফলের সংগ্রহোত্তর ব্যবস্থাপনার আধুনিকায়নের সাথে সাথে বিভিন্ন প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ সেবা সম্প্রসারণ করা;
- উৎপাদক, সম্প্রসারণ কর্মী ও অন্যান্য সংশ্লিষ্ট সকল সুবিধাভোগীর প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধি, মানসম্মত ফল উৎপাদন প্রযুক্তি, ফলের সংগ্রহোত্তর ব্যবস্থাপনা, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ ইত্যাদি বিবিধ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা;
- প্রদর্শনী ও অন্যান্য টেকসই পদ্ধতির মাধ্যমে উদ্যান ফসলের আধুনিক প্রযুক্তিসমূহ চাষী পর্যায়ে সম্প্রসারণ করা;
- নারীদের ক্ষমতায়ন আয় বৃদ্ধি এবং উদ্যান বিষয়ে কাজের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন;

৭. **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

প্রকল্পের আওতায় মূল কার্যক্রমের মধ্যে রয়েছে-

প্রকল্পের প্রধান প্রধান কাজ	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা(আর্থিক/ভৌত)	প্রকল্পের প্রধান প্রধান কাজ	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা(আর্থিক/ভৌত)
প্রশিক্ষণ			
কৃষক প্রশিক্ষণ	৮৫০০ ব্যাচ	কৃষি যন্ত্রপাতি	৬৬৯.৭৫ লক্ষ টাকা
উদ্যান বিষয়ক কৃষক প্রশিক্ষণ	৭০০ ব্যাচ	ভূমি ক্রয়	১১০০.০০

৮.৬ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যাবলী যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৮.৭। প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR গুনগত মান, পরিমান অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.৮ প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত;

৮.৯ উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা; প্রকল্প বাস্তবায়নের ফলে সংঘটিত পরিবর্তন (প্রকল্প বাস্তবায়নের পূর্বের ও পরের অবস্থা বিবেচনায়) জাতীয় তথ্যের সাথে তুলনাপূর্বক উপস্থাপন। উদ্যান প্রদর্শনীর ফলে উদ্যান সম্প্রসারণের প্রভাব উপস্থাপন করা;

৮.১০। প্রকল্পের ঝুকিঁ অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য কার্য ও সেবা ক্রয় /সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.১১। প্রকল্প অনুমোদন সংশোধন (যদি থাকে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.১২। প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (exit plan) করার লক্ষ্যে মতামত প্রদান;

৮.১৩। প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি(SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;

৮.১৪। অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের অনুকূলে সম্পাদিত ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী কাজের গুণগতমান ও পরিমাণ ঠিক আছে কিনা যাচাইকরণ;

৮.১৫। নির্মিত হর্টিকালচার অফিসসমূহ পরিদর্শন, পরিদর্শনে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও উপস্থাপন;

৮.১৬। প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে পরিবীক্ষণ মেথোডলজি/পদ্ধতি নির্ধারণ করা;

৮.১৭। ভৌগোলিক অবস্থান, ভূ-প্রকৃতি, জলবায়ু ও কৃষি বৈচিত্র্য বিবেচনা করে নমুনা(প্রকল্প এলাকার কমপক্ষ ১০%) নির্বাচন এবং গুরুত্বপূর্ণ স্থাপনা নির্মাণ ১০০% নমুনায় রাখতে হবে;

৮.১৮। প্রকল্পের স্টেকহোল্ডারদের নিয়ে একটি স্থানীয় কর্মশালার আয়োজন করবে;

৮.১৯। প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

৮.২০। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

৯. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	• কৃষি বিষয়ক গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যনতম ০১(এক) বছরের অভিজ্ঞতা।
২)	ক) টিমলিডার-	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে উদ্যানতত্ব বিষয়ে স্নাতকত্তোর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি থাকলে অগ্রাধিকার	• উদ্যান সম্প্রসারণ কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • টিম লিডার হিসেবে কাজ অভিজ্ঞতা;